

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৩

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. মোজার উপর মাসাহ্ করা

باب الْمُسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّتَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ، حَدَّتَنَا أَبِي، حَدَّتَنَا شُعْبَةُ، عَنْ أَبِي بَكْرٍ، _ يَعْنِي ابْنَ حَفْصِ بْنِ عُمْرَ بْنِ سَعْدٍ _ سَمِعَ أَبًا عَبْدِ اللهِ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيّ، أَنَّهُ شَهِدَ عَبْدَ الرَّحْمَنِ السُّلَمِيّ، أَنَّهُ شَهِدَ عَبْدَ الرَّحْمَنِ بْنَ عَوْفٍ يَسْأَلُ بِلَالاً عَنْ وُضُوءِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ كَانَ الرَّحْمَنِ بْنَ عَوْفٍ يَسْأَلُ بِلَالاً عَنْ وُضُوءِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ كَانَ يَخْرُجُ يَقْضِي حَاجَتَهُ فَآتِيهِ بِالْمَاءِ فَيَتَوَضَّا أُويَمْسَحُ عَلَى عِمَامَتِهِ وَمُوقَيْهِ. قَالَ أَبُو دَاوُدَ هُوَ أَبُو عَبْدِ اللهِ مَوْلَى بَنِي تَيْم بْنِ مُرَّةَ .

_ صحيح

বাংলা

১৫০। আবৃ 'আবদুর রহমান (রহঃ) সূত্রে বর্ণিত। 'আবদুর রহমান ইবনু 'আওফ যখন বিলাল (রাঃ)-কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অযু সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেন তখন তিনি তাঁর নিকট উপস্থিত ছিলেন। বিলাল (রাঃ) বললেন, তিনি পায়খানা-পেশাবের জন্য বের হতেন। তখন আমি তাঁর জন্য পানি নিয়ে আসতাম। তিনি অযু করতেন এবং পাগড়ী ও মোজার উপর মাসাহ করতেন।[1]

সহীহ।

English

Abu 'Abd al-Rahman al-Sulami said that he witnessed 'Abd al-Rahman b. 'Awf asking Bilal about the ablution of the Prophet (ﷺ). Bilal said: He went out to relieve himself. Then I brought water for him and he performed ablution, and wiped over his turban and socks.



ফুটনোট

[1] আহমাদ (৬/১২, ১৩), আবূ বাকর ইবনু হাফস ইবনু 'আমর সূত্রে এবং আহমাদ (৬/১৫), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাগড়ির উপর মাসাহ্ করা, হাঃ ১০৫), হাকাম সূত্রে 'আব্দুর রাহমান ইবনু লায়লাহ থেকে আল-বারা'আহ সূত্রে সংক্ষেপে এবং অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মোজার উপর মাসাহ্ করা হাঃ ১২০), ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাগড়ির উপর মাসাহ্ করা সম্পর্কে, হাঃ ১০১), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাগড়ির উপর মাসাহ্ করা, হাঃ ৫৬১), আহমাদ (৬/১২, ১৪) কা'ব ইবনু উজরাহ থেকে বিলাল সূত্রে, সকলেই 'আবদুর রাহমান ইবনু আওফ, বারাআ' ইবনু 'আযিয, উসামাহ ইবনু যায়িদ, কা'ব ইবনু উজরাহ বিলাল সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন